ভোরের কাগজ

তারিখ ... JUL. 1.6 1999
পৃঃ ৩ কলাম ৫

70

সাতক্ষীরা সরকারি মহিলা কলেজ

# অধ্যক্ষের অপসারণ দাবিতে সকল কক্ষে তালা ঝুলিয়েছে ছাত্রীরা

সাতক্ষীরা প্রতিনিধি : অধ্যক্ষের দুর্নীতির বিচার ও তার অপসারণের দাবিতে ছাত্রীরা সাতক্ষীরা সরকারি মহিলা কলেজের সকল কক্ষে বুধবার তালা ঝুলিয়ে দিয়েছে। তাদের দাবি পূরণ না হওয়া পর্যন্ত এ কর্মসূচি চলতেই থাকবে বলে ছাত্রী নেত্রীবৃন্দ ঘোষণা দিয়েছে। ছাত্রীরা জানায়, অধ্যক্ষ আবদুল মুত্তালিব চৌধুরী দুর্নীতি, অসদাচরণ এবং শিক্ষক ছাত্রীদের ওপর নির্যাতন চালিয়ে কলেজটিকে অচল করে তুলেছেন। এর প্রতিবাদে তারা কদিন আগে মিছিল স্লোগান দেওয়া ছাড়াও কলেজের একটি কক্ষে তালা ঝুলিয়ে দেয়। পরে প্রশাসনের হস্তক্ষেপে পরিস্থিতির আপাত নিরসন ঘটলেও এ ব্যাপারে প্রতিকারের জন্য তারা ১৩ জুলাই পর্যন্ত সময়সীমা নির্ধারণ করে দেয়।

যথাসময়ে দাবি পূরণ না হওয়ায় ছাত্রীরা পূর্ব ঘোষণা অনুযায়ী গত বুধবার সকাল থেকে অফিস, মিলনায়তন, অধ্যক্ষের কক্ষ এবং সকল ক্লাসরুমে তালা ঝুলিয়ে দেয়। বেলা ১১টার দিকে অধ্যক্ষ কলেজে এসে এ অবস্থা দেখে ফিরে যান। অন্য শিক্ষকরাও একই অবস্থায় পড়েন। দিনভর এই তালা খোলার কোনো ব্যবস্থা না হওয়ায় সাতক্ষীরা সরকারি মহিলা কলেজ কার্যত অচল হয়ে পড়েছে।